



প্রচ্ছদ / চট্টগ্রামের খবর

বান্দরবান এলজিইডি'র ৮শ ২২ কোটি টাকার ২৮টি উন্নয়ন প্রকল্প উদ্বোধন



Nandi

ডিসেম্বর ১৩, ২০২৩ ৮:১১ অপরাহ্ন



ফ+

ফ-

ফ

বশির আহম্মদ, বান্দরবান প্রতিনিধি: অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প-৩, ঘূর্ণিঝড় আস্পান ও বন্যায় ক্ষতিগ্রস্ত পল্লী সড়ক অবকাঠামো পূর্নবাসন শীর্ষক প্রকল্প, টেকসই ক্ষুদ্রাকার পানিসম্পদ উন্নয়ন প্রকল্প, সার্বজনীন সামাজিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি-২, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি, পল্লীকর্মসংস্থান ও সড়ক রক্ষণাবেক্ষণ কর্মসূচি-৩, পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প-২য় পর্যায় (রুরাল রোডস কম্পোনেন্ট), পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প পার্বত্য চট্টগ্রাম-২য় পর্যায়, সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ইউনিয়ন পর্যায় কৃষক সেবা কেন্দ্র স্থাপন ও প্রযুক্তি সম্প্রসারণ পাইলট প্রকল্প, মুক্তিযোদ্ধাদের ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণ ও মুক্তিযুদ্ধ স্মৃতি

জাদুঘর নির্মাণ প্রকল্প, উপজেলা ও ইউনিয়ন সড়কে দীর্ঘ সেতু নির্মাণ প্রকল্প, নিবন্ধনকৃত

শিরোনাম

শাবান মাসের চাঁদ দেখা গেছে, শবে বরাত ২৫ ফেব্রুয়ারি

● চূড়ান্ত অনুমোদন: জরিমানার ক্ষমতা বাড়ছে

অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন শীর্ষক প্রকল্প-২, অসচ্ছল ও ভূমিহীন মুক্তিযোদ্ধাদের বাসস্থান নির্মাণ প্রকল্প, অগ্রাধিকার ভিত্তিতে গ্রামীণ সড়ক ও হাট বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প, পিটিআই বিহীন ১২টি জেলায় পিটিআই স্থাপন প্রকল্প, পিইডিপি-৩ (আসবাবপত্র সরবরাহ), রাবার ড্যাম প্রকল্প এবং অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্বপূর্ণ পল্লী অবকাঠামো উন্নয়ন শীর্ষক ২৮টি প্রকল্পের মাধ্যমে দৃশ্যমান নানা উন্নয়ন সম্পাদিত হয়েছে।

বিশেষ করে বান্দরবান সদর উপজেলায় ২২০ মি. দৈর্ঘ্য সাংগু নদীর উপর রেইচা-গোয়ালিয়াখোলা ব্রিজ, হলুদিয়া-ভাগ্যকুল ২৭কিমি সড়ক, রুমা মুন্নাম পাড়া সড়ক, রিজুক বার্ণা সড়ক, থানছি-বলিপাড়া সড়ক, লামা বানিয়া ছড়া-গজালিয়া সড়ক, লামা-রুপসি পাড়া সড়ক, সাংগু রাজাপাড়া সড়ক, সুয়ালক-সুলতান পুর সড়ক, চেমিডলু- চেমিমুখ সড়ক, উদালবনিয়া-ঝংকা সড়ক, রোয়াংছড়ি-ঘেরাও সড়ক, রোয়াংছড়ি-ব্যঙ্গছড়ি সড়ক, কালাঘাটা-তারাছা সড়ক, রুমা বি.সি-ম্যাওফাপাড়া ভায়া তারাছা ইউপি সড়ক, নাইক্ষ্যংছড়ি বাঁকখালী নদীর উপর ৯৬ মিটার ব্রিজ, ফাসিয়াখালী ব্রিজ, বেঙছড়ি বিলাইছড়ি ১৭কিমি সড়ক, ঈদগড় বাইশারী-দোছড়ি ২৮ কিমি সড়ক, তুমব্রু ৩৩কিমি সড়ক, আলীকদম-দোছড়ি ১১কিমি সড়ক, সহ দৃশ্যমান বহু প্রকল্প বাস্তবায়ন হয়েছে।


এলজিইডির উন্নয়ন প্রসঙ্গে জেলা আওয়ামী লীগ সদস্য ও সাবেক ইউপি চেয়ারম্যান তসলিম ইকবাল চৌধুরী বলেন, তার উপজেলার ৫টি ইউনিয়নে এক সময় সফর করতে ৩-৪দিন সময় পার হয়ে যেত। কিন্তু বর্তমানে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন হওয়ায় একদিনে পাঁচ ইউনিয়ন সফর করা যায়। তুমব্রু, দোছড়ি-আলীকদম, বাইশারী, ঈদগড়, বাঁকখালী সড়ক ও ব্রিজগুলো অবহেলিত এলাকার চিত্র পাল্টে দিয়েছে। আর এই উন্নয়নের মূল কারিগর ছয় বারের এমপি বীর বাহাদুর।

স্থানীয় সরকার প্রকৌশল বিভাগের বান্দরবান জেলা নির্বাহী প্রকৌশলী মোহাম্মদ জিয়াউল ইসলাম মজুমদার বলেন, স্থানীয় জনগণের চাহিদা অনুযায়ী জেলায় বহু প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। নির্বাচিত জনপ্রতিনিধি তথা স্থানীয় সাংসদ তৃণমূল থেকে মানুষের সমস্যা ও সম্ভাবনার চিত্র তুলে এনেছেন। সেখান থেকে পাহাড়ী-বাঙ্গালি সর্বস্তরের মানুষ যাতে

উন্নয়নের সুবিধাভোগী হন সেভাবে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

Post Views: 85

Share this: [thecrimebd](#)



এই সাইটে নিজস্ব নিউজ তৈরির পাশাপাশি বিভিন্ন নিউজ সাইট থেকে খবর সংগ্রহ করে সংশ্লিষ্ট সূত্রসহ প্রকাশ করে থাকি। তাই কোন খবর নিয়ে আপত্তি বা অভিযোগ থাকলে সংশ্লিষ্ট নিউজ সাইটের কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার অনুরোধ রইলো। বিনা অনুমতিতে এই সাইটের সংবাদ, আলোকচিত্র অডিও ও ভিডিও ব্যবহার করা বেআইনি।

0 comments Sort by [Oldest](#)

Facebook Comments Plugin



চট্টগ্রামের খবর সর্বশেষ



চন্দনাইশে প্রশাসনের উদাসীনতায় ট্রেনিং সেন্টারের ব্যবসা রমরমা



বাংলাদেশে অনুপ্রবেশের অপেক্ষায় শত শত রোহিঙ্গা



কুমিল্লায় নারীসহ সড়কে নিহত ৫



বর্ধিত সভায় উপস্থিত ছিলেন চট্টগ্রামের সকল নেতা ও জনপ্রতিনিধি



শিক্ষার উচ্ছেদের প্রতিবাদে বিক্ষোভ

এই সপ্তাহের পাঠকপ্রিয়



চন্দনাইশে নতুন ভবনের উদ্বোধন ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত



মিরসরাইয়ে 'চিরকুট' লিখে ফেরত দেওয়া হলো র্যাবের সেই অস্ত্র




রাসেল সকল শিশু-কিশোরদের কাছে জাগরুক হয়ে থাকবে-চসিক মেয়র



চট্টগ্রাম মহানগর ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক লিমন কারাগারে



নগরের আবাসিক হোটেল ও গেস্ট হাউজে চলছে রমরমা দেহ বাণিজ্য



Developed & Design by : SHAMIR IT

